

Publication & Date: *Bantaman (28.05.2011)*

Page Number: *9*

Head Line: *Medica's Initiative to Bring Confidence of the Patients; who are willing to go other States for Treatment.*

বর্তমান

ভিনরাজ্যমুখী রোগীদের আস্থা ফেরাতে উদ্যোগ 'মেডিকা'-র

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: পশ্চিমবঙ্গ ছাড়াও পূর্ব ভারতের রাজ্যগুলি থেকে সারাবছর প্রচুর রোগী চিকিৎসার জন্য দক্ষিণ ভারত বা দিল্লি পাড়ি দেন। তা আর যাতে না হয়, তার জন্য এবার উদ্যোগী হল মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতাল। উত্তরবঙ্গের মানুষকে চিকিৎসা পরিষবা দেওয়ার পর, গত বছরের এপ্রিলে কলকাতায় একটি শাখা হাসপাতাল খোলে মেডিকা। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে সংস্থার চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর ডাঃ আলোক রায় বলেন, পূর্বাঞ্চলে তাঁরা বিভিন্ন জায়গায় হাসপাতাল তৈরির মাধ্যমে খুব তাড়াতাড়িই আরও দু'হাজার বেড বাড়াবেন। ইতিমধ্যেই আসানসোল, বর্ধমান, মুর্শিদাবাদ, পাটনা, গয়া, গোরখপুর, বারাণসী ও শিলঙে হাসপাতাল কেনা ও তৈরির কাজ শুরু হয়ে গিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হাসপাতাল গড়ে তোলার যে উদ্যোগ নিয়েছেন, তাঁকে সাধুবাদ জানান অলোকবাবু। তিনি বলেন, সরকারি জটিলতায় অনেক সময় হাসপাতালের ছাড়পত্র পেতে সময় লেগে যায়। আশা করব, এবার তার থেকে রেহাই পাওয়া যাবে।